দৈনিক ইত্তেফাক

তারিখ 01 OCT 1995
পৃষ্ঠা ১২ কলাম ২

17

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে নয়া ভিসি প্রো-ভিসি নিয়োগ লইয়া লবিং

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে নয়া ভিসি এবং প্রো-ভিসি'র পদ লইয়া ব্যাপক লবিং শুরু হইয়াছে। আগামী ৩০শে ডিসেম্বর বর্তমান ভিসি অধ্যাপক

( ২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(শেষ পৃঃ পর )

রফিকুল ইসলাম এবং প্রো-ভিসি অধ্যাপক বদিউল আলমের ৪ বৎসরের নিয়োগ মেয়াদ শেষ হইবে। বর্তমান ভিসি'র মেয়াদ শেষ হইবার পূর্বেই তাহাকে সরকার অন্য দায়িত্ব অর্পণ করিয়া ভারপ্রাপ্ত হিসাবে অন্য একজনকে ভিসি'র দায়িত্ব দিবে বলিয়া জল্পনা কল্পনা চলিতেছে। একটি সূত্রে জানা যায়, সরকার বর্তমান ভিসি'র মেয়াদ শেষ হইবার কিছুদিন পূর্বে নির্বাচিত ৩ জনের প্যানেল হইতে একজনকে নূতন ভিসি হিসাবে মনোনীত করিবেন। তবে প্রো-ভিসির ক্ষেত্রে নির্বাচনের প্রয়োজন না থাকায় চ্যান্সেলর যে কাহাকেও নিয়োগ দিতে পারেন। সেই সুবাদে বেশ কিছুসংখ্যক জাতীয়তাবাদী এবং নব্য জাতীয়তাবাদী লবীর শিক্ষক, মন্ত্রী, এমপি এমনকি ছাত্র নেতৃবৃন্দের সহিত ব্যাপক যোগাযোগ রক্ষা করিয়া চলিয়াছেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রদলের অনেক নেতা তাহাদের পছন্দনীয় শিক্ষকের প্রো-ভিসি নিয়োগ দানের জন্য উপর মহলে লবিং করিতেছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সিনেটের মাধ্যমে ভিসি প্যানেল নির্বাচন হইলে সেই ক্ষেত্রে দুইটি প্যানেল সরাসরি প্রতিদ্বন্দ্বিতা করার সম্ভাবনা রহিয়াছে। একটি মুক্তিযুদ্ধের আদর্শে উদ্বুদ্ধ গোলাপী প্যানেল, অপরটি জাতীয়তাবাদী আদর্শে বিশ্বাসী সাদা প্যানেল। বর্তমানে এই দুই প্যানেলের সম্ভাব্য প্রার্থীরা হইতেছেন গোলাপী প্যানেলে অধ্যাপক আলী ইমদাদ খান, অধ্যাপক ফজলে হোসেন, অধ্যাপক আবদুল মান্নান, অধ্যাপক সেকান্দার খান ডঃ মনিরুজ্জামান, অধ্যাপক ফসিউল আলম, অধ্যাপক আবদুল হাকিম।

সাদা প্যানেলের সম্ভাব্য প্রার্থীরা হইতেছেন অধ্যাপক বদিউল আলম (বর্তমান প্রো-ভিসি), অধ্যাপক ইউসুফ শরীফ আহমেদ খান, অধ্যাপক নুরুল ইসলাম, অধ্যাপক আবু সালেহ, অধ্যাপক নুরুউদ্দিন চৌধুরী, অধ্যাপক আবুল কালাম আজাদ।